সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

২০১৩ সালেই ৪৮৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী খোলা হবে

নিজস্ব বার্তা পরিবেশক

২০১৩ সালে দেশের ৪৮৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী খোলার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গতকাল বিকেলে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আফসারুল আমিন, প্রতিমন্ত্রী মোতাহার হোসেন, সচিব এএম মিয়াজউদ্দিনসহ মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদফতরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় গতকাল রাতে এ তথ্য জানিয়ে সংবাদকে খোলা : পৃষ্ঠা : ২ ক : ৫

খোলা হবে

(১৬ পৃষ্ঠার পর)

বলেন, শিক্ষানীতিতে পর্যায়ক্রমে প্রাথমিক শিক্ষাকে ৮ম শ্রেণী পর্যন্ত উন্নীত করার যে নীতিগত সিদ্ধান্ত রয়েছে তার আলোকে ২০১৩ সালেই প্রতি উপজেলায় একটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী খোলার এ সিদ্ধান্ত নেয়া হয়।

জানা গেছে, যেসব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পর্যাপ্ত অবকাঠামোগত সুবিধা এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক রয়েছে সেসব স্কুলেই এখন ৬ষ্ঠ শ্রেণী খোলা হবে। পরে অন্যান্য স্কুলে অবকাঠামোগত সুযোগ-সুবিধা বাড়ানোর পর ৬ষ্ঠ শ্রেণী খোলা হবে। এ ব্যাপারে সারাদেশেই জরিপ চালানো হচ্ছে।